

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ২১-০৮-২০২৩

গত ৪ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (১৭-০৮-২০২৩ থেকে ২০-০৮-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে

১৭ অগাস্ট: পশ্চিমবঙ্গের অনেক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): রায়গঞ্জ, চিত্তরঞ্জন, চম্পাডাঙ্গা:৫; কুমারগ্রাম, পুরুলিয়া, ক্যানিং, ডায়মন্ড হারবার:৪

১৮ অগাস্ট: গাঙ্গেয় পশ্চিমবঙ্গে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা সক্রিয় ছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় অতি ভারী বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের হাওড়া ও পশ্চিম মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অধিকাংশ জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অনেক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : ক্যানিং:১২; উলুবেড়িয়া:৭; আরামবাগ:৬; পাঁশকুড়া, মাঝিয়ান:৫; হরিণঘাটা, সাগর দ্বীপ, আমতা, মেমরি, ঘাটাল, দীঘা, সল্টলেক:৪

১৯ অগাস্ট: উক্ত সময়ের মধ্যে নিম্নলিখিত জায়গার উপর দিয়ে ঝোড়ো হাওয়া বয়ে গিয়েছিল :

স্থান	সময়	দিক	সর্বোচ্চ গতিবেগ(কিমি/ঘন্টা)	স্থায়িত্ব(মিনিট)

আলিপুর, কলকাতা	১০:০০	পূর্ব	৪০	০১
আলিপুর, কলকাতা	১৫:০৬	দক্ষিণ দক্ষিণ-পূর্ব	৪১	০১

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পাও জেলার দুয়েক জায়গায় অতি ভারী বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অধিকাংশ জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অনেক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : নেই

২০ অগাস্ট: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের অনেক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : ঘিষ:৭; বক্রাদুয়ার:৬; সামসিং:৫; দার্জিলিং, সেবক, ডায়ানা, মূর্তি:২; বাগডোগরা, গাজোলডোবা, মালদা, কান্দি, কল্যাণী:১

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশে): উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৮৪ থেকে ৯২ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৭৪ থেকে ৯১ শতাংশ।

শুষ্ক ও আর্দ্র জলবায়ুর সম্ভবতা (২০.০৮.২০২৩ থেকে ২৬.০৮.২০২৩ পর্যন্ত):

জেলা	আর্দ্র	শুষ্ক	জেলা	আর্দ্র	শুষ্ক
------	--------	-------	------	--------	-------

বাঁকুড়া	৫৪	৪৬	হাওড়া	৭৬	২৪
বীরভূম	৫৭	৪৩	মুর্শিদাবাদ	৫৪	৪৬
বর্ধমান	৫২	৪৮	নদীয়া	৬১	৩৯
হুগলী	৫২	৪৮	২৪ পরগনা	৬৮	৩২
পুরুলিয়া	৭০	৩০			

পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

দিন ১ (২১ অগাস্ট)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার অধিকাংশ জায়গায় এবং হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর বাকি জেলাগুলোর অনেক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ৫ দিন, দিনের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না।

দিন ২ (২২ অগাস্ট)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর অধিকাংশ জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর অনেক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে।

দিন ৩ (২৩ অগাস্ট)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর অধিকাংশ জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর অনেক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে।

সতর্কীকরণ:

দিন ১ (২১ অগাস্ট)-

- ১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং ও কালিম্পাং জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১ সেমি) সম্ভাবনা আছে।
- ২) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের সব জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

দিন ২ (২২ অগাস্ট)-

- ১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী (০৭-২০ সেমি) বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা সহ দুয়েক জায়গায় প্রবল ভারী বৃষ্টিপাতের (>২০ সেমি) সম্ভাবনা আছে।
- ২) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী (০৭-২০সেমি) বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে।
- ৩) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাং ও উত্তর দিনাজপুর জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১ সেমি) সম্ভাবনা আছে।

দিন ৩ (২৩ অগাস্ট)-

- ১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী (০৭-২০ সেমি) বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা সহ দুয়েক জায়গায় প্রবল ভারী বৃষ্টিপাতের (>২০ সেমি) সম্ভাবনা আছে।

২) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং ও কালিম্পাং জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী (০৭-২০সেমি) বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে।

৩) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১ সেমি) সম্ভাবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

সুকান্ত সায়

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর

২১-০৮-২৩